



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় : বাড়ী নং-০৩, রোড নং-ই/১, ব্লক-সি শাহজালাল উপশহর, সিলেট-৩১০০

স্মারক নং : সিশিবো/বিদ্যা/নবম অনুঃ/সিল/২৫২

তারিখ : ১৯/১০/১৪১৬ বাং
০১/০২/২০১০ খ্রিঃ

বিষয় : নবম শ্রেণী খোলার প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।


সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং : শিম/শাঃ ১২/৭(১) ২০০৪/২৬, তারিখ : ১০/০১/২০১০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত শর্তে তাঁর বিদ্যালয়ে ০১/০১/২০১০ খ্রিঃ তারিখ থেকে মানবিক ও বিজ্ঞান বিভাগে নবম শ্রেণীতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলঃ

শর্তাবলী :

১. উক্ত অনুমতির ফলে সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না।
২. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং : শিম/শাঃ ১১/বিবিধ-৩১/৯৬/২৩০, ২৩/০৪/১৯৯৭ অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদানের নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে।
৩. প্রশিক্ষণ বিহীন শিক্ষক-শিক্ষিকাদের জ্যেষ্ঠতার ভিত্তিতে পর্যায়ক্রমে বি এড প্রশিক্ষণে প্রেরণ করতে হবে।
৪. ছাত্র/ছাত্রীর সংখ্যা পর্যায়ক্রমে বৃদ্ধি করতে হবে।
৫. মাধ্যমিক বিদ্যালয়ের জনবল কাঠামো অনুযায়ী বিধি মোতাবেক প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ করতে হবে।
৬. স্বতন্ত্র লাইব্রেরী রুমের ব্যবস্থা করে বইয়ের সংখ্যা পর্যায়ক্রমে ২০০০-এ উন্নীত করতঃ পাঠাভ্যাস গড়ে তোলার লক্ষ্যে শিক্ষক-শিক্ষার্থীদের মধ্যে রেজিস্টারের মাধ্যমে বই বিতরণের ব্যবস্থা করতে হবে।
৭. প্রতিষ্ঠানের সকল রেকর্ডপত্র বিধি মোতাবেক সংরক্ষণ করতে হবে।
৮. বিদ্যালয়ে স্কাউট দল গঠন করতঃ রেজিস্ট্রেশন করাতে হবে।
৯. বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদ্রাসা ক্রীড়া প্রতিযোগিতায় ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
১০. প্রতিষ্ঠানের চারিদিকে ফলজ ও বনজ বৃক্ষ রোপন করে তা রক্ষণাবেক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


(মোঃ আব্দুল মান্নান খান) ০২/১২/১০
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।


প্রাপক : প্রধান শিক্ষক

হযরত ওমর ফারুক (রাঃ) একাডেমী
ডাক : বিশ্বনাথ উপজেলা : বিশ্বনাথ
জেলা : সিলেট।

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

সদয় অনুলিপি :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ।
- ৩। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়,
১, সোনারগাঁও রোড (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
- ৪। জেলা প্রশাসক, সিলেট।
- ৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
- ৬। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ই-গভর্ন্যান্স, অত্র শিক্ষা বোর্ড।
- ৭। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট।
- ৮। জেলা শিক্ষা অফিসার, সিলেট।
- ৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা, বিশ্বনাথ, সিলেট।
- ১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বিশ্বনাথ, সিলেট।
- ১১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।


(মোঃ আব্দুল মান্নান খান)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।